# অনলাইন পাঠদান : শিক্ষক হিসেবে আমাদের করণীয়

শিক্ষার্থীদের সামনে শিক্ষক থেকে পাঠদান করাবেন শিখন-শেখানোর এটিই শাশ্বতরূপ। কিন্তু বিশ্বব্যাপী করোনার ভয়াবহতা এই মনোরম চিত্রকে পাল্টে দিয়েছে। তাইতো এখন শিক্ষক-শিক্ষার্থী ভিন্ন অবস্থানে থেকে বিভিন্ন ইলেকট্রনিক ডিভাইসের মাধ্যমে চলছে অনলাইন পাঠদান।

নতুন এই পাঠদান পদ্ধতিতে আমরা অনেকেই তেমন অভ্যস্ত এবং পারদর্শী নই। অনলাইন পাঠদানকে কার্যকর করতে কিছু টিপস তুলে ধরা হলো, যার অধিকাংশই ক্লাস থেকে ঠেকে শেখা।

**পাঠদান শুরুর পূর্বে ঃ**

- পাঠদানের জন্য কী কী প্রয়োজন হবে তালিকা করে নিন এবং সে অনুযায়ী সবগুলো আপনার একান্ত কাছে রাখুন, যেন প্রয়োজন হলে সহজে ব্যবহার করতে পারেন।
- মোবাইলে বা ল্যাপটপে পর্যাপ্ত চার্জ, মার্কার পেন এবং মার্কার পেনে যথেষ্ট কালি, ডাস্টার / কাপড়, স্টিক, কম্পিউটার, প্রজেক্টর বা স্মার্ট প্যাড, মাল্টিফ্লাগ ইত্যাদি ঠিক করে রাখুন। এদের যে কোনো একটি সময়মতো না পেলে আপনি অস্বাভাবিক হয়ে উঠতে পারেন।
- ক্লাস শুরুর পূর্বেই বোর্ডে তারিখ, বার, শ্রেণি, বিষয়, অধ্যায়ের নাম এবং সম্ভব হলে শিখনফল অথবা সংক্ষিপ্ত বিষয়বস্তু অথবা আজ 'যা যা শিখবো' লিখে রাখা ভালো।
- জামা-কাপড় ভালোভাবে সজ্জিত করে নিন। ক্লাসে ঢুকে হাতদিয়ে চুল ঠিক করা, জামা নিচের দিকে টান দিয়ে দেখা, শাড়ীর আঁচল / ওড়না বারবার তুলে ঠিক করা / এয়ারফোন / চশমায় বার বার হাত দেয়া, নিজের পোশাকের দিকে তাকানো, বুতাম বন্ধ করা, ইত্যাদি অশোভন। শিক্ষার্থীদের পড়া মাথায় না যাক কিন্তু আপনার এই কাজগুলো ঠিকই মাথায় প্রবেশ করে যা বিরক্তিকর এবং দৃষ্টিকটু।
- তবে অবশ্যই কাপড় আয়রন করা এবং গোছানো থাকতে হবে। কোনোভাবেই যেন ভাজ পড়া না হয়। অর্থাৎ সম্পূর্ণ প্রস্তুতি নিয়ে পরিপাটি হয়েই রেকডিং বা লাইভ শুরু করা উচিৎ।

**বোর্ডের অবস্থান ঃ**

- হোয়াইট বোর্ডটি এমনস্থানে স্থাপন করবেন যেন আলোর প্রতিফলন না হয়। ক্যামেরা / মোবাইলের জন্য সে অনুযায়ী উপযুক্ত স্থান নির্বাচন করুন। বোর্ডে আলোর প্রতিফলন হলে শিক্ষার্থীদের বিরক্তিকর মনে হবে। আলোর প্রতিফলন আসার জায়গাগুলো কাপড় দিয়ে ঢেকে রাখুন। আপনার ছায়া যেন বোর্ডে না পড়ে সে দিকেও খেয়াল রাখা প্রয়োজন।
- বোর্ড যথাসম্ভব বড় রাখতে চেষ্টা করুন, পর্যাপ্ত লিখতে পারবেন এবং লেখাগুলো আকারে বড় করতে পারবেন। অনলাইনে বোর্ডের লেখা স্বাভাবিক শ্রেণি পাঠদানের লেখার চেয়ে সামান্য বড় করা উচিৎ।

- মার্কার পেনের কালি কালো হওয়াই সবচেয়ে ভালো এতে সকল শিক্ষার্থী ভালোভাবে দেখতে পারে। খুব বেশি প্রয়োজন হলে মাঝে মধ্যে রঙিন কালি ব্যবহার করা যেতে পারে তাতে বৈচিত্র আসবে। সকল শিক্ষার্থীর device এর গুণগত মান এক রকম হবে না এটাই স্বাভাবিক।
- হালকা কালি দিয়ে লিখবেন না, দরকার হলে নতুন কলম নিবেন নতুবা রিফিল করে নিবেন।
- বোর্ডের কতটুকু অংশ আপনার ক্যামেরা Cover করে, তা ঠিক করে প্রয়োজন দাগ দিয়ে নিন। নতুবা আপনি লিখবেন শিক্ষার্থী কিছু অংশ দেখতে পাবে না।

## Device এবং Apps:

- আপনার সঙ্গতি বিবেচনায় device ব্যবহার করবেন তবে ক্যামেরার মান ভালো থাকা ভালো।
- Apps এর ক্ষেত্রে Face book live, Zoom, Google class room, Meet এদের যে কোন একটি অথবা একাধিক Apps একত্রে সংযোজন করে ব্যবহার করা যায়। প্রাতিষ্ঠানিক হলো Paid Zoom ব্যবহার করা ভালো।
- যে device দিয়ে Class Participatory করা যায় তা ব্যবহার করা উত্তম।
- Face book live এ পাঠদান Participatory করা সম্ভব হয় না। অনেকটা নাটকের মতো।
- তবে (Zoom + Facebook live) একত্রিত করেও ব্যবহার করা যায়।

### বিষয়বস্তুর পরিধি :

- কতটা সময়ের জন্য ক্লাস নিবেন তার উপর ভিত্তি করে বিষয়বস্তু নির্বাচন করুন। তবে Face to face Class এর জন্য যতটা বিষয়বস্তু নিতেন এখন একই সময়ের জন্য তার চেয়ে কিছুটা কম বিষয়বস্তু ঠিক করুন।

### উপস্থাপন কৌশল:

- বর্ক্তৃতা না দিয়ে তাদের সাথে কথা বলছেন এমন পাঠ উপস্থাপন কৌশল আয়ত্ব করুন। মনে করবেন তারা যেন ঠিক আপনার সামনে বসে আছে।

  যেমন: (i) দেখো তোমাদের বলেছিলাম ....

  (ii) দেখোতো এটার পাশে কী লিখেছি।
- কোনো উপকরণ দেখাতে হলে তা ক্যামেরার কাছে আনুন। তবে তা যেন ক্যামেরার সীমার বাইরে চলে না যায়।
- ধারাবাহিকভাবে পাঠ উপস্থাপন করুন, ধারাবাহিকতা পূর্বেই একটি কাগজে লিখে রাখুন।
- ধীর-স্থির এবং শান্ত-শিষ্টভাবে পাঠ উপস্থাপন করুন।

- প্রধান শিরোনাম কখোনোই ক্লাস শেষের আগে মুছে ফেলবেন না। পাশাপাশি Sub head line সবসময় লিখতে চেষ্টা করবেন। কারণ শিক্ষার্থী যে কোন সময়ে Class থেকে বাইরে চলে যেতে পারে, এটা আপনার নিয়ন্ত্রণাধীন নয়। সুতরাং Main head এবং Sub head থাকলে শিক্ষার্থী যখনই Class এ যুক্ত হোক না কেন সে বুঝবে কোন বিষয়ের কি আলোচনা হচ্ছে।
- সময় ঠিক রেখে পাঠদান করতে চেষ্টা করুন শুরু, শেষ, ব্যাপ্তি প্রভৃতি।
- কখনোই দীর্ঘ সময়ের জন্য ক্যামেরার বাইরে চলে যাবেন না। একান্ত প্রয়োজন হলে বলুন "আমি "এক" মিনিট সময় তোমাদের কাছ থেকে ছুটি নিলাম এখনই চলে আসবো।"
- একনাগারে অনেক কথা বলা ঠিক নয়। ছোট ছোট অংশে বিভক্ত করে পাঠদান পরিচালনা করুণ।
- বিষয়ের ধরন অনুযায়ী পাঠদান কৌশল (Technique) গ্রহণ করুন- যে বিষয়ে যখন যেটি প্রয়োজন।
  (i) বোর্ডে লেখা
  (ii) ছবি আঁকা
  (iii) Slide দেখানো
  (iv) ছবি দেখানো
  (v) Video দেখানো
  (vi) উপকরণ দেখানো
  (vi) Practical দেখানো ইত্যাদি।
- ক্লাসেই বিষয়টি আয়ত্ত্বে আনতে পারে এমন কৌশল নিবেন- বার বার মুখে বলা, লিখে নিতে বলা, প্রশ্ন করা, শেষে পুনরাবৃত্তি করা, সারাংশ আদায় বা সম্ভব হলে শিক্ষার্থীদের বলতে বলা ইত্যাদি।

**কথা বলার গতি:**

- কথা বলতে হবে ধীরে ধীরে, দুটি শব্দের মাঝে বিরতি বাড়াতে হবে, পূর্বে যদি প্রতি মিনিটে 100 টি শব্দ ব্যবহার করতেন, তবে এখন ৭০/৭৫ টি ব্যবহার করলে ভালো হয়। কারণ Online class এ অধিকাংশ কার্যক্রমের সরাসরি Feed back নেয়া যায় না।
- কথা বলার গতি দ্রুত হলে অনেক শিক্ষার্থী আপনার সাথে সমান্তরালে চলতে পারবে না, আবার খুব ধীরে হলে অনেকে অন্যমনস্ক হয়ে যেতে পারে। সুতরাং মধ্যম পন্থাই উত্তম।
- স্পষ্টভাবে সঠিক উচ্চারণে কথা বলতে হবে। আঞ্চলিকতা যতোটা সম্ভব পরিহার করা ভালো।
- শিক্ষার্থী আপনার কথা শুনবে, লেখা দেখবে, তারপর বুঝবে। এগুলো যথাযথ হলেই তার শিখন হবে। কাজেই শিক্ষার্থীর শিখনের জন্য আপনাকে সুযোগ দিতে হবে।

**প্রশ্ন উত্তর কৌশল:**

- Zoom বা G. Meet হলে প্রশ্ন করলে সরাসরি উত্তর পাবেন। তবে অনেকেই হয়তো একত্রে উত্তর দিতে চাইবে, আপনি Participants এ গিয়ে যে কোনো একজনকে নির্দিষ্ট করে উত্তর দিতে বলতে পারেন। তবে প্রশ্নটি ছোট করে বোর্ডে লিখে দেয়া ভাল।
- Facebook live হলে প্রশ্ন করে Comments এ উত্তর দিতে বলতে পারেন। তবে খেয়াল রাখতে হবে উত্তরের দৈর্ঘ্য ২-৪ বা ৫-৭ শব্দের বেশি যেন না হয়। অথবা প্রশ্ন লিখে আপনি ১/২/৩/৪ টি Option দিন তাদেরকে A, B, C, D লিখতে বলুন। অথবা Yes / No লিখতে বলতে পারেন অর্থাৎ MCQ ধরনের প্রশ্ন। অথবা প্রশ্ন করে সামান্য বিরতি দিয়ে আপনি নিজ থেকেই বলতে পারেন-"তোমারা ঠিক এটাই বলতে তাইনা" অনেকটা অভিনয়ের মতো, Facebook live এ Class তো এক ধরনের অভিনয়ই।

**Body Language :**

- শিক্ষার্থী সম্পূর্ণ সময়টা আপনার দিকেই তাকিয়ে থাকে। সুতরাং এ ক্ষেত্রে Robot না হয়ে মার্জিত Body language ব্যবহার করুন। চোখের ভঙ্গি, হাতের ব্যবহার, মুখ মন্ডলের অভিব্যক্তি, মাথা নাড়ানো (হ্যাঁ, না, সম্মতি)।
- আপনার স্পিড শিক্ষার্থীদের উদ্দীপনা বহুগুণে বাড়িয়ে দেয়।

**বোর্ডে লেখার ক্ষেত্রে :**

- অক্ষরগুলো স্বাভাবিক ক্লাসের চেয়ে বড় করুন। বোর্ডে গুছিয়ে লিখুন, বিশৃঙ্খলিতভাবে নয়।
- লিখেই মুছে ফেলবেন না, সময় দিন, শিক্ষার্থী দেখবে, লিখবে তাতে সময় লাগবে।
- লেখার সময় মুখে বলুন, যদি কারো ক্যামেরা দুর্বল হয় তবে সে যতটুকু দেখতে পাবে তার সাথে আপনার কথা মেলাতে পারলে পূর্ণ বুজবে।
- লেখা বাক্যগুলো পুনরাবৃত্তি করুন ইচ্ছে করেই।
- বোর্ডের লেখা বেশি হলে, লেখা শেষে আপনি বোর্ড থেকে একটু সরে দাড়ান যেন শিক্ষার্থীরা ঠিকমত বোর্ড দেখতে পায়। যদিও তখন আপনি কিছু সময়ের জন্য ক্যামেরার বাইরে। প্রয়োজনে শিক্ষার্থীদের বলবেন "তোমরা তুলে নাও আমি একটু সরে যাচ্ছি।"

**জোড়ায় / দলীয় কাজ :**

Online class এ কখোনোই জোড়ায় কাজ বা দলীয় কাজ দিবেন না। এটি অবাস্তব।

**Class Observation:**

- শিক্ষার্থীদের কাছে মাঝে মাঝে শুনতে হবে কোন সমস্যা হচ্ছে কীনা, Comments দেখবেন।
- বিভিন্ন কারণে Face book live এ Broadcast বন্ধ হয়ে যেতে পারে। কিন্তু আপনার তো সে দিকে কোনো খেয়ালই নেই, ক্লাস নিচ্ছেন তো নিয়েই যাচ্ছেন। কিন্তু বাস্তবতা হোলো শিক্ষাথীরা Class এ যুক্ত নেই। কাজেই ক্লাস ঠিকভাবে সম্প্রচার হচ্ছে কিনা দেখতে হবে?
- সম্ভব হলে দুটি Mobile রাখুন। একটি দিয়ে Class নিবেন অপরটি দিয়ে Class এর অবস্থা দেখবেন। তবে সে ক্ষেত্রে খেয়াল রাখতে হবে ক্লাস পরিচালনার চেয়ে ক্লাস দেখার দিকে আগ্রহ যেন অধিক না হয়। এতে আপনি পূর্ণ সাচ্ছন্দে ক্লাস নিতে পারবেন না।
- ফ্যানের শব্দ বা পারিপার্শ্বিক শব্দ যতটা সম্ভব কম রাখতে পারলে ভালো। শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষ এ ক্ষেত্রে ভালো। অথবা কিছু device পাওয়া যায় শব্দ স্পষ্ট করার জন্য তা ব্যবহার করতে পারেন।

**হাসি-খুশি থাকুন :**

- সম্পূর্ণ সময়টাই হাসি-খুশি থাকুন বা থাকতে চেষ্টা করুন।
- আপনার উদ্যমী মানসিকতা, প্রাণোচ্ছল অবস্থা শিক্ষার্থীদের আগ্রহ বাড়িয়ে দেয়।
- যে কোন কারণেই হোক ভারী mood এ Online এ না আসাই ভালো। শুধু Online কেন! কোন ধরনের ক্লাসেই আসা উচিৎ নয়।

**একাধিক Sub Title তৈরি করা :**

বিষয়বস্তু বিভাজন করে ছোট ছোট শিরোনাম তৈরি করুন, অল্প অল্প আলোচনা করুন। শিক্ষার্থীদের কাছ থেকে জেনে বা Comments দেখে যতটুকু আলোচনা হয়েছে তা শিক্ষার্থীরা সম্পূর্ণ বুঝেছে কীনা নিশ্চিত হয়ে সামনে অগ্রসর হোন। তড়িঘড়ি করা ঠিক নয়।

**শিক্ষার্থীদের উৎসাহিত করণ :**

- Zoom / Meet হলে শিক্ষার্থীদের পূর্বেই বলে দিবেন তোমরা তৈরি হও এখন একটি প্রশ্ন বলবো বা বোর্ডে লিখে দিবে। সবার আগে যার উত্তর পাবো তার নাম বোর্ডে লিখে দিবো।
- Face book এ হলে বলবেন যার সঠিক উত্তর Comments এ আগে পাবো তাকে বিশেষ ধন্যবাদ দিবো। সঠিক উত্তর দিলে তার নাম কী জানতে চান, শেষে নাম ধরে সুন্দর একটি বাক্যে উৎসাহিত করুন বা ডান হাত মুষ্টি বন্ধ করে বৃদ্ধাঙ্গুলি উঁচু করে সম্মতি প্রকাশ করুন। আপনার Body Language ও একটা উত্তম পুরষ্কার।
- বোর্ডে লিখে দিন : Thanks-অভি,<br>Very good-নাবা।

**Class Save করে রাখুনঃ**

- সম্ভব হলে Class Save করুন। Facebook live এ আপনা আপনি Save হবে।
- Zoom এ আপনি Mobile দিয়ে Class নিলে Laptop এর মাধ্যমে Save করুন, বা শিক্ষার্থীর যে কোন ১/২ জনকে Participants এ গিয়ে Allow records টি approve করুন। শিক্ষার্থী record করে নির্দিষ্ট স্থানে post করবে।
- Zoom এর Paid version আপনাকে ভালো Support দিবে। মাসে (১০০০-১৫০০/=) টাকা খরচ হয়। এর Video মান, Record এর সুবিধা ভাল এবং 40 মিনিটের কোনো সীমাবদ্ধতাও নেই।
- যে ভাবেই হোক Class টি Save থাকলে ভালো, এতে শিক্ষার্থী নির্দিষ্ট সময়ে Class করতে না পারলেও পরবর্তীতে যে কোনো সুবিধাজনক সময়ে ক্লাস দেখে নিতে পারবে। অর্থাৎ শিক্ষার্থীকে সুযোগ দিতে হবে।

**সময় ব্যাপ্তি :**

- Online class দীর্ঘ সময়ের জন্য না হওয়াই ভালো। শিক্ষার্থীরা Class থেকে স্বেচ্ছায় চলে গেলে কিছুই করার নাই। ৩০ থেকে সর্বোচ্চ ৪০ মিনিটই ভালো অর্থাৎ Zoom এর প্রথম একটি অংশ। দীর্ঘ সময় ধরে class চললে শিক্ষার্থীদের মাথা ব্যাথা, চোখ ব্যথা, অস্বস্তি, আসতে পারে।

**শিক্ষার্থীদের Device এর কথা ভাবুন :**

- আপনাকে মনে রাখতে হবে যারা Class করছে তাদের সকলের device টি একই মানের নয়, এটা সম্ভবও নয়, বিভিন্ন সমস্যা তৈরি হতেই পারে। অর্থাৎ আপনাকে বিভিন্ন দিকে খেয়াল রাখতে হবে। Network এর ব্যাপারটিও একই রকম।

## Self Evaluation:

- আপনার Save করা বিভিন্ন সময়ের কয়েকটি ক্লাস ভালোভাবে দেখুন। এতে আপনি নিজেই বুঝবেন আপনাকে কোন কোন দিক improve করতে হবে।
- প্রয়োজনে শিক্ষার্থীদের কাছে সমস্যা যুক্ত দিকের কথা শুনতে চাইবেন।
- মান সম্পন্ন না হলে রেকডিং class upload না করা ভালে।
- online class এ সর্বোত্তমটি আনা উচিৎ।
- ক্লাসের সমস্যাগুলো ডায়েরীতে লিখে রাখবেন।

**অন্যান্য :**

- একটি ডায়েরী ব্যবহার করুন এবং তাতে কোন দিন পাঠদানের কোন পর্যন্ত শেষ হয়েছে লিখে রাখুন।
- শিক্ষার্থীদের কোনো কাজ দিয়েছেন কীনা তাও লিখে রাখুন এবং ক্লাস পরিচালনায় কোন সমস্যা হলে তা লিখে রাখুন যা আপনাকে সামনের ক্লাসে সমাধান করতে হবে।
- শিক্ষার্থীদের কাছে বার বার সামনের দিন এ বিষয়টি দেখবো এ জাতীয় কথা পুনরাবৃত্তি করতে থাকা ব্যক্তিত্বহীনতা।
- শিক্ষার্থীরা Digital এর ক্ষেত্রে অনেক Expert কোন সমস্যা হলে বা পরামর্শ করতে হলে তাদের বলুন দেখবেন তারা বেশ আগ্রহসহ আপনাকে একটি সমাধানের পথ বাতলে দিয়েছে।

**শিক্ষার্থীদের বলবেন :**

- ক্লাস চলাকালীন সময়ে তারা যেন Messenger, Whatsapps, Imo প্রভৃতি Apps এর Notification বন্ধ করে রাখে।
- সর্বদা একটি খাতা কলম সাথে রাখতে বলবেন।
- শিক্ষার্থীরা যেন-খাবার টেবিল, বিছানা, বাড়ির ছাদ, বাগান বা যানবাহনে ক্লাস না করে।
- শব্দ পরিহার করতে হেডফোন ব্যবহার করতে বলবেন।

**যা করবো না:**

- শিক্ষার্থীদের বকা দিবো না।
- ক্লাস ফেলে রেখে বাথরুমে যাবো না।
- বাসার কারো সাথে ক্লাসের ফাকে কথা বলবো না।
- ক্লাস চলাকালীন সময়ে চা/কফি খাবো না।
- চুল / টাই/ জামা / ওড়না / শাড়ী / বার বার ঠিক করবো না।
- দীর্ঘ সময়ে বোর্ডের / ক্যামেরার বাইরে থাকবো না।
- বাসায় কেউ হেটে গেলে দেখা যাবে এমনস্থানে Mobile বসাবো না।
- যেখানে শব্দ বেশি হয় সেখানে পাঠদানের স্থান নির্বাচন করবো না। এতে আপনার যেমন মনোযোগ নষ্ট হবে, শিক্ষার্থীরাও অনাকাঙ্খিত কথা শুনে ফেলবে।
- Online ক্লাসকে অনুৎসাহিত করে এমন কোনো কথা বলবো না।
  যেমন, Online class এ আসলে ভালো পাঠদান হয় না। আমাদেরও সমস্যা আর তোমাদেরও অসুবিধা।
- খুব সকালে, ঠিক দুপুরে (১-২) একটু বেশি রাতে class নিবো না।

পরিশেষে বলা যায় পরিকল্পনামাফিক আগালে অনলাইন পাঠদানকেও অনেকটা কার্যকর এবং ফলপ্রসূ করে তোলা সম্ভব। অনলাইন শিক্ষা ব্যবস্থার এই কর্মযজ্ঞে আমাদের বর্তমান এবং আগামী প্রজন্মকে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে আরো দক্ষ, সক্রিয় এবং আন্তরিক করে তুলুক- এটিই সকলের প্রত্যাশা।